

পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড

ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd



নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-০২)/২০২১-২২/৯৫(ক)

তারিখঃ ২/০৮/২০২১খ্রি.

১। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

২। শাখা ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

বিষয়ঃ পল্লী সঞ্চয় ব্যাংক এর মাঠ পর্যায়ের কর্মচারীদের ২০২১-২২ অর্থবছরের ঋণ বিতরণ ও ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা।

পল্লী সঞ্চয় ব্যাংক এর বোর্ড সভায় ২০২১-২২ অর্থবছরের জন্য বিনিয়োগের লক্ষ্যমাত্রা ও সিদ্ধান্তের আলোকে পল্লী সঞ্চয় ব্যাংক এর মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২১-২২ অর্থবছরের ঋণ বিতরণ ও ঋণ আদায়ের নিম্নোক্ত লক্ষ্যমাত্রা নিম্নরূপ নির্ধারণ করা হল।

১. মাঠসহকারী:

প্রত্যেক মাঠ সহকারীর ২০২১-২২ অর্থবছরের ঋণ বিতরণ ও ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা সর্বনিম্ন ১.০০ কোটি টাকা নির্ধারিত হল। তবে যে সকল মাঠ সহকারী ২০২০-২১ অর্থবছরে ৯০.০০ লক্ষ বা তদুর্ধ্ব ঋণ আদায় করেছেন, তাঁর জন্য বিগত বছরের ঋণ আদায়ের অতিরিক্ত ২০% টাকা যোগ করে মাঠ সহকারীর লক্ষ্যমাত্রা নির্ধারিত হবে। ঋণ বিতরণের ক্ষেত্রে ও একই সূত্র প্রযোজ্য হবে।

২. জুনিয়র অফিসার (ফিল্ড):

তাঁর আওতাধীন মাঠ সহকারীদের ঋণ বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রার সমষ্টি জুনিয়র অফিসার (ফিল্ড) এর ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা হিসেবে নির্ধারিত হবে।

৩. শাখা ব্যবস্থাপক:

তাঁর আওতাধীন কর্মরত মাঠ সহকারীদের ঋণ বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রার সমষ্টি শাখা ব্যবস্থাপকের ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা হিসেবে নির্ধারিত হবে।

নোটঃ

১. শাখা ব্যবস্থাপক তাঁর আওতাধীন কর্মরত মাঠ সহকারী ও জুনিয়র অফিসারের উপরোক্ত সূত্র অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রাকে ১২ মাসের মাসিক লক্ষ্যমাত্রায় বিভাজন করবেন। লিখিতভাবে বার্ষিক ও মাসিক লক্ষ্যমাত্রা বুঝিয়ে দিয়ে তাদের স্বাক্ষরযুক্ত প্রাপ্তিস্বীকার ডকুমেন্ট অফিসে সংরক্ষণ করবেন;


২. শাখা ব্যবস্থাপক তাঁর আওতাধীন কর্মরত মাঠ সহকারী ও জুনিয়র অফিসারদের দক্ষ হাতে পরিচালনা করবেন। কারণ বিপুল সংখ্যক কর্মচারী পরিচালনায় ব্যর্থ শাখা ব্যবস্থাপক সুষ্ঠুভাবে শাখা পরিচালনা করতে পারবেন না। এ বিষয়টি খেয়াল রেখে শাখা পরিচালনা করতে হবে। মনে রাখতে হবে কোন ব্যর্থ শাখা ব্যবস্থাপক ও অন্যান্য ব্যর্থকর্মীর দায়ভার ব্যাংক কর্তৃপক্ষ গ্রহণ করবেনা;

পরবর্তী পৃষ্ঠায় দৃষ্টব্য

৩. সাপ্তাহিক স্টাফমিটিং এ প্রতি সপ্তাহের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয় কঠোর ভাবে মনিটরিং করবেন। সাপ্তাহিক স্টাফমিটিং এ প্রত্যেক কর্মচারীর লক্ষ্যমাত্রা অর্জন, আদায়কৃত অর্থ অফিসে জমা প্রদানের বিষয়াদি জুনিয়র অফিসার (ফিস্ট) পর্যালোচনা করবেন এবং তাঁর আওতাধীন মাঠ সহকারীদের অর্জনের তথ্যাদি শাখা ব্যবস্থাপকের নিকট পেশ করবেন;
৪. কোন কর্মচারী মাসিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে সাথে সাথে তাঁকে লিখিতভাবে সতর্ক করতে হবে। পরপর তিন মাস লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে, সতর্ক করার তথ্য সহকারে ব্যাংক কর্মচারী বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে;
৫. প্রতি মাসের লক্ষ্যমাত্রা অর্জনের তথ্যাদি শাখা ব্যবস্থাপক প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। এ বিষয়ে শীঘ্রই শাখা ব্যবস্থাপক, জুনিয়র অফিসার ও মাঠ সহকারী ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের তথ্য অনলাইন সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহের ব্যবস্থা গৃহীত হচ্ছে।
৬. সার্বিকভাবে লক্ষ্যমাত্রা অর্জনের দায়িত্ব শাখা ব্যবস্থাপকের। শাখা ব্যবস্থাপকের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয় পর্যালোচনার জন্য সদর কার্যালয়ে একাধিক কর্মকর্তা দায়িত্বে নিয়োজিত থাকবেন। কোন শাখা ব্যবস্থাপক মাসিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে তাঁকে সতর্ক করে পত্র প্রেরণ করতে হবে। যদি পরপর তিন মাস লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয় শাখা ব্যবস্থাপকের বিরুদ্ধে ব্যাংক কর্মচারী বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;
৭. শাখা ব্যবস্থাপকের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা ও অন্য কোন ধরনের শৃংখলা পরিপন্থি কার্যাদি পরিলক্ষিত হলে তাঁর বিরুদ্ধে ব্যাংক কর্মচারী বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা ছাড়াও তাত্ক্ষণিকভাবে শাখা থেকে প্রত্যাহারের ব্যবস্থা গ্রহণ করা হবে;
৮. উক্ত লক্ষ্যমাত্রা আমার বাড়ি আমার খামার প্রকল্প হতে পল্লী সঞ্চয় ব্যাংকে বদলি/স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন জুনিয়র অফিসার ও মাঠ সহকারীদের জন্য ও প্রযোজ্য হবে;
৯. প্রত্যেক কর্মচারী তাঁর আওতাধীন খেলাপী ঋণ অগ্রাধিকার ভিত্তিতে আদায় করবেন। অনাদায়ী খেলাপী ঋণের দায়ভার সংশ্লিষ্ট কর্মচারীকে গ্রহণ করতে হবে;
১০. কর্মচারীদের চাকুরীতে স্থায়ীকরণ ও অন্যান্য সুযোগ সুবিধাদি প্রদান পারফরমেন্স/কর্মমূল্যায়ন এর ভিত্তিতে করা হবে।

উক্ত নির্দেশনার ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারীদের ২০২১-২২ অর্থবছরের বিস্তারিত লক্ষ্যমাত্রা সংযুক্ত করা হল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক



(আকবর হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক (অতিঃসচিব)

পল্লী সঞ্চয় ব্যাংক

headoffice@pallisanachaybank.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার.....সকল।
৫. জেলা (আঞ্চলিক) কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক,জেলা।